

বুলুগুল মারাম

হাদিস নম্বরঃ ১৫৪২

পর্ব - ১৬ঃ বিবিধ প্রসঙ্গ (كتاب الجامع)

পরিচ্ছেদঃ ৬. আল্লাহর যিকর ও দু'আ

আরবী

وَعَنْ أَبِي أَيُّوبَ - رَضِيَ اللَّهُ عَنْهُ - قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ قَالَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ، وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ ... ، عَشْرَ مَرَّاتٍ، كَانَ كَمَنْ أَعْتَقَ أَرْبَعَةَ أَنْفُسٍ مِنْ وَلَدِ إِسْمَاعِيلَ». مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. رواه البخاري (6404)، ومسلم (2693)، وفي قول الحافظ: «متفق عليه» نظر، فهذا اللفظ لمسلم، وعنده زيادة: «له الملك، وله الحمد، وهو على كل شيء قدير»، وأما البخاري فقد ساقه مختصراً تحت باب فضل التهليل. بلفظ: «من قال عشراً كما كان أعتق رقبة من ولد إسماعيل

বাংলা

১৫৪২। আবু আইয়ুব আনসারী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: যে ব্যক্তি ১০ বার এ দু'আটি পাঠ করবে-

উচ্চারণ: লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা-শারীকা লাহু লাহুল মুলকু ওয়া-লাহুল হামদু বি-ইয়াদিহিল খাইরু ইউহয়ী ওয়া-ইউমীতু ওয়া-হুয়া 'আলা কুল্লি শাইয়িন ক্বাদীর।

(অর্থ) আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে আর কোন উপাস্য নেই। তিনি এক তাঁর কোন শরীক নেই, তাঁর জন্যেই রাজত্ব ও তাঁর জন্যে প্রশংসা, তাঁর হাতেই কল্যাণ, তিনিই জীবন দান করেন ও মৃত্যু ঘটান, তিনি সমস্ত জিনিসের উপর ক্ষমতাবান- সে ইসমাইল (আঃ)-এর বংশের চারজন লোকের দাসত্ব মুক্তির সমপরিমাণ পুণ্য অর্জন করবে।[1]

English

Abu Aiyub al-Ansari (RAA) narrated, ‘The Messenger of Allah (ﷺ) said: “Whoever says ten times: ‘None has the right to be worshipped except Allah alone, without partner, to Him belongs all sovereignty and praise. He gives life and causes death. He is over all things, Omnipotent will have a reward equivalent to that of emancipating four of the descendants of Isma'il from slavery.’ Agreed upon.

ফুটনোট

[1] বুখারী ৬৪০৪, তিরমিযী ৩৫৫৩, আহমাদ ২৩০০৫, ২৩০০৭, ২৩০৩৪, ২৩০৭১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু আইয়ুব আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71353>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন